| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. ব্যবসায়িক মূল্যবোধ এবং নৈতিকতার ধারণা ও গুরুত্ব ব্যাখ্যা করতে পারবে।<br>২. ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতার ধারণা ব্যাখ্যা করতে পারবে।<br>৩. রাষ্ট্র, সমাজ, ক্রেতা ও কর্মচারীদের প্রতি সামাজিক দায়বদ্ধতার স্বরূপ ব্যাখ্যা করতে পারবে।<br>৪. ব্যবসায়ের কারণে বায়ূ দূষণ, পানি দূষণ, শব্দ দূষণ ও ভূমি দূষণের বৈশিষ্ট্য ও প্রভাব বিশ্লেষণ করতে পারবে।<br>৫. পরিবেশ দূষণরোধে ব্যবসায়িক দায়বদ্ধতাগুলো চিহ্নিত করতে পারবে।<br>৬. বিভিন্ন ব্যবসায় প্রতিষ্ঠানের সামাজিক দায়বদ্ধতামূলক উন্নয়ন কার্যক্রম বর্ণনা করতে পারবে। | • ব্যবসায়িক মূল্যবোধ এবং নৈতিকতার ধারণা ও প্রয়োজনীয়তা<br>• ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতার ধারণা ও গুরুত্ব<br>• যাদের জন্য সামাজিক দায়বদ্ধতা<br>• পরিবেশ দূষণ ও ব্যবসায়<br>• পরিবেশ দূষণরোধে ব্যবসায়িক দায়বদ্ধতা<br>• ব্যবসায়ের সামাজিক দায়বদ্ধতার অংশ হিসাবে বিভিন্ন ব্যবসায় প্রতিষ্ঠানের গৃহীত কার্যক্রম |

**দ্বাদশ অধ্যায়: সফল উদ্যোক্তাদের জীবনী থেকে শিক্ষণীয় (১৩ পিরিয়ড)**

| শিখনফল | বিষয়বস্তু |
|---|---|
| **বুদ্ধিবৃত্তীয়**<br>১. জহুরুল ইসলাম ও স্যামসন এইচ চৌধুরীর জীবনের উল্লেখযোগ্য দিক বর্ণনা করতে পারবে।<br>২. জহুরুল ইসলাম ও স্যামসন এইচ চৌধুরীর প্রতিষ্ঠিত ব্যবসায় সংগঠনগুলো বর্ণনা করতে পারবে।<br>৩. জহুরুল ইসলাম ও স্যামসন এইচ চৌধুরীর প্রতিষ্ঠিত সামাজিক ও জনকল্যাণমূলক কর্মকান্ড ও প্রতিষ্ঠানগুলোর নাম বর্ণনা করতে পারবে।<br>৪. জহুরুল ইসলাম ও স্যামসন এইচ চৌধুরীর উদ্যোক্তা হওয়ার কাহিনি বর্ণনা করতে পারবে।<br>উদ্যোক্তাগণের জীবনী থেকে শিক্ষণীয় দিকগুলো শনাক্ত করতে পারবে।<br>৬. স্থানীয় পর্যায়ের সফল উদ্যোক্তাদের সফলতা প্রতিবেদন তৈরি করতে পারবে। | • বাংলাদেশের সফল উদ্যোক্তাদের জীবনী<br>○ জহুরুল ইসলাম,<br>○ স্যামসন. এইচ. চৌধুরী<br>• দেশের সফল উদ্যোক্তাদের প্রতিষ্ঠিত ব্যবসায় সংগঠন ও তাদের জনকল্যাণমূলক কর্মকান্ড<br>• বাংলাদেশের আঞ্চলিক/স্থানীয় পর্যায়ের উদ্যোক্তাদের জীবনী<br>• জাতীয় পত্র-পত্রিকায় প্রকাশিত স্থানীয় পর্যায়ের সফল উদ্যোক্তাদের জীবন কাহিনী |

পরিশিষ্ট: 'গ'

# শিখনফল ম্যাপ

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, ............

এসএসসি/দাখিল পরীক্ষা ২০২.......

**বিষয়: ব্যবসায় উদ্যোগ** **বিষয় কোড: ১৪৩**

| LO নং | অধ্যায় ১ | | | অধ্যায় ২ | | | অধ্যায় ৩ | | | অধ্যায় ৪ | | | অধ্যায় ৫ | | | অধ্যায় ৬ | | | অধ্যায় ৭ | | | অধ্যায় ৮ | | | অধ্যায় ৯ | | | অধ্যায় ১০ | | | অধ্যায় ১১ | | | অধ্যায় ১২ | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | MCQ | CQ | SQ | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ২ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৩ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৪ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৫ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৬ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৭ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৮ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ৯ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১০ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১১ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১২ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১৩ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১৪ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১৫ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১৬ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১৭ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১৮ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ১৯ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| ২০ | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |

**পরিশিষ্ট: 'ঘ'**

## বহুনির্বাচনি প্রশ্নের দক্ষতার স্তর নির্ণয়

**বিষয়: ব্যবসায় উদ্যোগ        বিষয় কোড: ১৪৩**

১. 'আন্তর্জাতিক সম্পর্ক' ব্যবসায়ের কোন পরিবেশের উপাদান?

ক. অর্থনৈতিক

খ. সামাজিক

গ. রাজনৈতিক

ঘ. আইনগত

২. ফ্রানসাইজিং ব্যবসায়ে সফল হতে হলে নিচের কোনটি আবশ্যক?

ক. ফ্রানসাইজিং চুক্তি

খ. উত্তম পণ্য বা সেবা

গ. বাজারজাতকরণ সুবিধা

ঘ. ফ্রানসাইজারের পরামর্শ গ্রহণ

৩. মুনাফা অর্জনের উদ্দেশ্যে সম্পাদিত নিচের কোন কাজটি বাণিজ্যের অন্তর্ভুক্ত?

ক. নদীর উপর ব্রীজ নির্মাণ

খ. বীজ থেকে চারা উৎপাদন

গ. হিমাগারে আলু সংরক্ষণ

ঘ. তুলা থেকে কাপড় তৈরি

**উদ্দীপকটি পড়ে ৪ ও ৫ নম্বর প্রশ্নের উত্তর দাও**

পিউ, মৌ ও সৌরভ তাদের বন্ধু নুরাজের খ্যাতি ব্যবহার করে চুক্তিবদ্ধ হয়ে একটি ব্যবসায় গঠন করেন। তবে সৌরভ ব্যবসায় পরিচালনায় অংশগ্রহণ করেন না। কিছুদিন পর মৌ সড়ক দুর্ঘটনায় মৃত্যুবরণ করেন।

৪. উদ্দীপকের প্রতিষ্ঠানটির ক্ষেত্রে বিলোপসাধনের কোন পদ্ধতি প্রযোজ্য হবে?

ক. বাধ্যতামূলক

খ. বিশেষ ঘটনা সাপেক্ষে

গ. আদালতের নির্দেশে

ঘ. বিজ্ঞপ্তির মাধ্যমে

৫. উদ্দীপকের প্রতিষ্ঠানে-

i. পিউ'র দায় অসীম

ii. নুরাজ নামমাত্র অংশীদার

iii. সৌরভ সাধারণ অংশীদার

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii

খ. i ও iii

গ. ii ও iii

ঘ. i, ii ও iii

৬. কোন সরকারি পৃষ্ঠপোষকতার মাধ্যমে ব্যবসায় উদ্যোগের অনুকুল পরিবেশ তৈরি হতে পারে ?

ক. যাতায়াত ব্যবস্থার উন্নয়ন

খ. সামাজিক স্থিতিশীলতা রক্ষা

গ. ব্যাংকিং ব্যবস্থার উন্নয়ন

ঘ. বিনা সুদে মূলধন সরবরাহ

৭. নিচের কোনটি আর্থিক ঝুঁকির উদাহরণ?

ক. বিগত বছর পণ্যের চাহিদা ছিল ১৫০০০ একক, এ বছর চাহিদা ১৩৫০০ একক

খ. প্রত্যাশিত মুনাফার হার ছিল ১০% কিন্তু অর্জিত মুনাফার হার ৮%

গ. বন্ডের ক্রয়মূল্য ছিল ১০০০ টাকা কিন্তু বর্তমানে সম্ভাব্য বিক্রয় মূল্য ৯৮০ টাকা

ঘ. প্রতিষ্ঠানের কর্মীদের বেতন ১৫০০০০ টাকা পরিশোধে অক্ষমতা

নিচের উদ্দীপটি পড়ে ৮ ও ৯ নম্বর প্রশ্নের উত্তর দাও

জনাব শাহানা বিডিবিএল থেকে ৩ কোটি টাকা ঋণ নিয়ে ২০১৭ সালে পোশাক তৈরির প্রতিষ্ঠান স্থাপন করেন। এজন্য তিনি যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে সেলাইয়ের উপর প্রশিক্ষণও গ্রহণ করেন। বর্তমানে তার প্রতিষ্ঠানে ১১০ জন কর্মী কাজ করছেন।

৮. জনাব শাহানার প্রতিষ্ঠানটি কোন ধরণের শিল্প ?

ক. সেবামুখী ক্ষুদ্র শিল্প

খ. সেবামুখী মাঝারি শিল্প

গ. উৎপাদনমুখী ক্ষুদ্র শিল্প

ঘ. উৎপাদনমুখী মাঝারি শিল্প

৯. উদ্দীপকের তথ্যমতে জনাব শাহানা-

i. সমাজ ও রাষ্ট্রের প্রতি দায়িত্ব পালন করেছেন

ii. যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে সংরক্ষণমূলক সহায়তা পেয়েছেন

iii. বিডিবিএল থেকে সমর্থনমূলক সহায়তা পেয়েছেন

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii    খ. i ও iii

গ. ii ও iii    ঘ. i, ii ও iii

১০. এক মালিকানা ব্যবসায়ের ট্রেড লাইসেন্স প্রদান করে-
ক. স্থানীয় আদালত
খ. স্থানীয় নিবন্ধক
গ. পৌর কর্তৃপক্ষ
ঘ. বিসিক কর্তৃপক্ষ

১১. একজন মৃৎশিল্পীর জন্য স্থান নির্বাচনের ক্ষেত্রে বিবেচনা করতে হয়-

i. মাটির সহজলভ্যতা
ii. তৈরি পণ্য বিক্রয়ের সুবিধা
iii. মূলধনের প্রাপ্যতা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

১২. কোনটি আত্মকর্মসংস্থান উদ্বুদ্ধকরণে প্রত্যক্ষ ভূমিকা রাখতে পারে ?
ক. কর্মসংস্থানের সুযোগ বৃদ্ধি
খ. প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ
গ. রাজনৈতিক স্থিতিশীলতা নিশ্চিতকরণ
ঘ. মূলধনের সহজলভ্যতা নিশ্চিতকরণ

১৩. নিচের কোনটি সংগঠিতকরণের কাজ ?
ক. প্রশিক্ষণ প্রদান
খ. ত্রুটি-বিচ্যুতি নির্ণয়
গ. দায়িত্ব ও ক্ষমতা বণ্টন
ঘ. সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ

**নিচের উদ্দীপটি পড়ে ১৪ ও ১৫ নম্বর প্রশ্নের উত্তর দাও**

জনাব সুমন বিভিন্ন দেশে জাহাজযোগে পোশাক রপ্তানি করেন। চলতি মাসে একটি বিদেশি অর্ডার সময়মতো সরবরাহের ক্ষেত্রে তিনি চিন্তিত। অর্ডার মোতাবেক সম্পূর্ণ কাজ ইতোমধ্যে শেষ হওয়ার কথা থাকলেও দেখা গেছে মাত্র ৪০ ভাগ কাজ সম্পাদিত হয়েছে। শ্রমিকদের প্রতিষ্ঠানে দেরিতে আগমনের ফলে এমনটি হয়েছে বলে তিনি মনে করেন। অথচ গত বছরই শ্রমিকদের যাতায়াতের জন্য তিনি পাঁচটি বাস ক্রয় করে দিয়েছেন।

১৪. জনাব সুমন বর্তমানে ব্যবস্থাপনার কোন কাজের সাথে সম্পৃক্ত ?
ক. নিয়ন্ত্রণ
খ. নির্দেশনা
গ. পরিকল্পনা
ঘ. সংগঠিতকরণ

১৫. জনাব সুমনের ব্যবসায়ের ক্ষেত্রে-
ক. শুধু প্রাকৃতিক ঝুঁকি বিদ্যমান
খ. শুধু অপ্রাকৃতিক ঝুঁকি বিদ্যমান
গ. ঝুঁকি মোকাবেলায় নৌ-বিমা চুক্তিই যথেষ্ট
ঘ. সকল ধরনের বিমা চুক্তিই প্রযোজ্য

১৬. কোন মুদ্রিত কাগজের মাধ্যমে পণ্যসামগ্রীর গুণাগুণ ও বৈশিষ্ট্য সম্পর্কে জানা যায় ?
ক. প্রাচীরপত্র
খ. প্রচারপত্র
গ. ব্যানার
ঘ. ফেস্টুন

১৭. জাতীয় শিল্পনীতি-২০১০ অনুযায়ী কোনটি সংরক্ষণমূলক সহায়তা ?
ক. জাতীয় উদ্যোক্তা দিবস পালন
খ. সফল উদ্যোক্তাদের স্বীকৃতি প্রদান
গ. নারী শিল্পোদ্যোক্তাদের অগ্রাধিকার প্রদান
ঘ. উদ্যোক্তা সংস্কৃতির প্রসারে বিভিন্ন কর্মসূচি গ্রহণ

১৮. নিচের কোনটি সঠিক ?
ক. নিবন্ধিত অংশীদারি ব্যবসায়ের স্থায়িত্ব অধিক
খ. যৌথ মূলধনি কোম্পানির মালিকানা অধিক ঝুঁকিপূর্ণ
গ. সমবায় সংগঠন সম্পদের সুষম বন্টনে ভূমিকা রাখে
ঘ. একমালিকানা ব্যবসায়ে কর্মসংস্থানের সুযোগ সর্বাধিক

১৯. নিচের কোনটি বাংলাদেশে ক্ষুদ্র ও মাঝারি শিল্পের অন্তর্ভুক্ত হিসেবে গণ্য হবে?
ক. ডিউরেবল সিমেন্ট
খ. সুরমা পেপার এ্যান্ড প্যাকেজিং মিলস
গ. হাই-টেক গার্মেন্টস এ্যান্ড ফ্যাশনস
ঘ. গুডহেলথ ফ্লাওয়ার মিলস

**নিচের উদ্দীপটি পড়ে ২০ ও ২১ নম্বর প্রশ্নের উত্তর দাও**

ওয়াটার লাইন লি. মাটির নিচ থেকে পানি তুলে পাইপলাইনের মাধ্যমে বাসাবাড়িতে সরবরাহ করে। সংগৃহীত অতিরিক্ত পানি শোধন করে রিজার্ভ ট্যাংকে সংরক্ষণ করে। শহরের কোনো স্থানে পানির সংকট সৃষ্টি হলে নিজস্ব ভ্যানে ঐসব স্থানে পৌঁছে দেয়। ওয়াটার লাইন লি. এর পানি শোধন ও সংরক্ষণে কোন সমস্যা দেখা দিলে জনাব মনিরের প্রতিষ্ঠান তাৎক্ষণিকভাবে কারিগরি সহায়তার মাধ্যমে সমাধানের চেষ্টা করে।

২০. জনাব মনিরের প্রতিষ্ঠানটি কোন ধরনের ব্যবসায় ?
ক. বাণিজ্য
খ. সেবা শিল্প
গ. প্রত্যক্ষ সেবা
ঘ. নিষ্কাশন শিল্প

২১. ওয়াটার লাইন লি. এর কার্যক্রম-

i. সেবা শিল্পের অন্তর্ভুক্ত

ii. নিষ্কাশন শিল্পের অন্তর্ভুক্ত

iii. স্থানগত ও সময়গত বাধা দূর করে

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii

খ. i ও iii

গ. ii ও iii

ঘ. i, ii ও iii

২২. ক্রেতা ও ভোক্তার প্রতি ব্যবসায়ের দায়বদ্ধতা কোনটি ?

ক. পণ্যের মজুতদারি না করা

খ. পণ্যসামগ্রী প্রাপ্তি সহজতর করা

গ. জনহিতকর কাজে সহায়তা করা

ঘ. মানসম্মত পণ্য উৎপাদন করা

২৩. গ্ল্যামার কসমেটিকস কোম্পানির পণ্য বাজারজাতকরণের জন্য উপযুক্ত বণ্টন প্রণালি কোনটি ?

ক. উৎপাদনকারী → ভোক্তা

খ. উৎপাদনকারী → প্রতিনিধি → ভোক্তা

গ. উৎপাদনকারী → পাইকার → খুচরা বিক্রেতা → ভোক্তা

ঘ. উৎপাদনকারী → প্রতিনিধি → খুচরা বিক্রেতা → ভোক্তা

২৪. কোন পক্ষের প্রতি সামাজিক দায়বদ্ধতা পালনের জন্য ব্যবসায় প্রতিষ্ঠান পরিবহন ও আবাসনের ব্যবস্থা গ্রহণ করে ?

ক. শ্রমিক-কর্মচারী

খ. ক্রেতা-ভোক্তা

গ. সমাজ

ঘ. রাষ্ট্র

২৫. কার উদ্যোগে দেশের সর্ববৃহৎ বেসরকারি মেডিকেল কলেজ স্থাপিত হয় ?

ক. নায়েব আলী

খ. জহুরুল ইসলাম

গ. আবুল কালাম আজাদ

ঘ. স্যামসন এইচ. চৌধুরী

২৬. নাজিয়া একটি বিশেষ প্রক্রিয়ায় কেক ও পিঠা তৈরি করে 'নাজিয়া'স ফুড' নামে বাজারজাত করে। সম্প্রতি তার প্রতিবেশী রাজিয়াও একই প্রক্রিয়ায় কেক ও পিঠা তৈরি করে 'রাজিয়া'স ফুড' নামে বাজারজাত করা শুরু করায় নাজিয়ার ব্যবসায় ক্ষতির সম্মুখীন হল।

কোন ধরণের মেধাসম্পদ নিবন্ধিত থাকলে নাজিয়া আইনি সুরক্ষা পেতেন ?

ক. ট্রেডমার্ক

খ. প্যাটেন্ট

গ. লাইসেন্স

ঘ. কপিরাইট

২৭. ব্যবসায় পরিকল্পনা প্রণয়নের কোন পর্যায়ে প্রকল্পের বাণিজ্যিক লাভজনকতা নির্ধারণ করা হয় ?

ক. প্রকল্প ধারণা চিহ্নিতকরণ

খ. প্রকল্প প্রতিবেদন প্রণয়ন

গ. ম্যাক্রোস্ক্রিনিং

ঘ. মাইক্রোস্ক্রিনিং

২৮. নিচের কোন ব্যক্তি একজন নারী উদ্যোক্তা হিসেবে বিবেচিত হবেন?

ক. দেশীয় পোশাক প্রস্তুতকারী প্রতিষ্ঠান 'হাসিন বুটিকস' এর মালিক মিসেস হাসিন

খ. সততা ব্যাংকের ৫৫% শেয়ারের মালিক মিসেস জাহারা

গ. 'গ্রোথ' টেকনোলজি (প্রা:) লিমিটেডের ৫০% শেয়ারের মালিক মিসেস আরিতা

ঘ. তিন বন্ধুর সমঅংশীদারিত্বের ভিত্তিতে গঠিত 'গর্জিয়াস বিউটি পার্লারের অংশীদার মিসেস জুমাইনা

২৯. কর্মীদের স্বাস্থ্যসম্মত কার্যপরিবেশ নিশ্চিত করা- ব্যবস্থাপনার কোন কাজের অন্তর্ভুক্ত ?

ক. সমন্বয়সাধন

খ. প্রেষণাদান

গ. কর্মীসংস্থান

ঘ. সংগঠিতকরণ

৩০. ২০২২ সালের জাতীয় শিল্পনীতি অনুযায়ী রাজশাহী বিভাগে শিল্পে উন্নত জেলা কোনটি ?

ক. পাবনা

খ. নাটোর

গ. রাজশাহী

ঘ. সিরাজগঞ্জ

**পরিশিষ্ট: 'ঙ'**

# বহুনির্বাচনি প্রশ্নের প্রকারভেদের উদাহরণ

## বিষয়: ব্যবসায় উদ্যোগ  বিষয় কোড: ১৪৩

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্ন

১. বাংলাদেশে কোন ধরনের ব্যবসায় সংগঠন বেশি দেখা যায়?

ক. সমবায়
খ. অংশীদারি
গ. যৌথমূলধনি
ঘ. একমালিকানা

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্ন

২. ব্যবসায় নৈতিকতার লক্ষ্য হচ্ছে-

i. পণ্যের বাজার স্থিতিশীল রাখা
ii. হ্রাসকৃত মূল্যে পণ্য সরবরাহ করা
iii. দীর্ঘমেয়াদে ব্যবসায় টিকে থাকা

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্ন

**উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও**

২০১২ সালে অরুণ, শিহাব ও রিপন তিন বন্ধু সমান অধিকার ও দায়ের ভিত্তিতে একটি ব্যবসায়িক চুক্তি করে। চুক্তি অনুযায়ী ২০১৫ সালের মধ্যে একটি বাণিজ্যিক ভবণ নির্মাণ ও বিক্রয়ের মাধ্যমে অর্জিত মুনাফা অংশীদারদের মধ্যে বণ্টন হবে। ২০১৩ সালে হঠাৎ অরুণ মারা গেলে তাঁর ১৫ বছরের ছেলে নিলয়কে শিহাব ও রিপন অংশীদার হিসেবে গ্রহণ করে। ২০১৬ সালেও ভবণটির নির্মাণ কাজ শেষ না হওয়ায় রিপন আর ব্যবসায়ে সম্পৃক্ত থাকতে আগ্রহী নন।

৩. নিলয় কোন ধরনের অংশীদার ?

ক. ঘুমন্ত
খ. সীমিত
গ. সাধারণ
ঘ. নামমাত্র

৪. ২০১৬ সালে উদ্দীপকের অংশীদারি প্রতিষ্ঠানটির-

i. সকল অংশীদারের দায় সমান
ii. সকল অংশীদার সমান মুনাফা ভোগের অধিকারী
iii. বিলোপসাধন বিশেষ ঘটনাসাপেক্ষে হতে পারে

নিচের কোনটি সঠিক ?

ক. i ও ii
খ. i ও iii
গ. ii ও iii
ঘ. i, ii ও iii

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**শিক্ষা মন্ত্রণালয়**

স্মারক নং-শিম/শাঃ১১/বিবিধ-৬(সেসিপ)/২০০৪(অংশ-১)/১১৪৮

তারিখ ঃ ০৮ অগ্রহায়ণ ১৪১৬ / ২২ নভেম্বর ২০০৯

**পরিপত্র**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মাধ্যমিক পর্যায়ের বার্ষিক পরীক্ষায় সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে দেশের ধর্মীয় ও জাতীয় রাজনৈতিক নেতৃবৃন্দের নাম উদ্দীপকে (Stem) ব্যবহার করা হচ্ছে, এতে বিব্রতকর পরিস্থিতির সৃষ্টি হচ্ছে এবং জনমনে বিরূপ প্রতিক্রিয়া পরিলক্ষিত হচ্ছে। এ ধরনের অনাকাঙ্খিত পরিস্থিতি রোধকল্পে সৃজনশীল প্রশ্ন প্রণয়নকালে নিম্নবর্ণিত নির্দেশনা অনুসরণ করার জন্য সংশ্লিষ্টদেরকে অনুরোধ করা যাচ্ছে ঃ

(ক) পাঠ্যপুস্তকে রাজনৈতিক, ধর্মীয় ও সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিবর্গের নাম না থাকলে প্রশ্নে উদ্দীপক হিসেবে রাজনৈতিক, ধর্মীয়, সামাজিকভাবে গুরুত্বপূর্ণ ব্যক্তিদের নাম ব্যবহার করা যাবে না।

(খ) বাংলাদেশের সার্বভৌমত্ব, সরকার, কোন জনগোষ্ঠী, আদিবাসী এবং অঞ্চলকে নেতিকবাচকভাবে উপস্থাপন করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।

(গ) বাংলাদেশের ধর্ম, বর্ণ, গোত্র, গোষ্ঠী, ভাষা, সংস্কৃতি, ঐতিহ্য এবং জাতীয় অনুষ্ঠানকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।

(ঘ) রাষ্ট্র বা জাতিকে অমর্যাদা করে কোন উদ্দীপক ও প্রশ্ন তৈরী করা যাবে না।

(ঙ) সংবিধান পরিপন্থী ও রাষ্ট্র বিরোধী কোন বিষয় ব্যবহার করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।

(চ) ধর্ম, তীর্থস্থান, ধর্মীয় স্থাপনা, রাষ্ট্রীয় স্থাপনা, ঐতিহাসিক স্থান ইত্যাদিকে অসম্মান করে কোন উদ্দীপক ও প্রশ্ন প্রণয়ন করা যাবে না।

(জ) কোন অশোভনীয় বা আপত্তিকর ছবি উদ্দীপক হিসেবে ব্যবহার করা যাবে না

(ঝ) সরকার এবং সমাজ কর্তৃক অননুমোদিত বা অগ্রহণযোগ্য বিষয়সমূহ (যেমনঃ বাল্য বিবাহ, যৌতুক ইত্যাদি) ইতিবাচক অর্থে ব্যবহার করা যাবে না।

২। এই পরিপত্রের মর্মানুযায়ী বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের সৃজনশীল প্রশ্নপত্র প্রণয়নের নির্দেশনা দেয়া যাচ্ছে। এ পরিপত্রের পরিপন্থী কোন প্রশ্ন প্রনয়ন করা হলে প্রধান শিক্ষক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন এবং প্রধান শিক্ষকসহ সংশ্লিষ্টদের বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে ।

(খন্দকার রাকিবুর রহমান)
যুগ্ম-সচিব(মাধ্যমিক)
শিক্ষা মন্ত্রণালয়।

**বিতরণ ঃ**

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
২। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড (সকল), কারিগরি শিক্ষা বোর্ড/মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৩। চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ডেভেলপমেন্ট প্রজেক্ট, ঢাকা।
৫। জেলা প্রশাসক (সকল)।
৬। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।
৭। জেলা শিক্ষা অফিসার (সকল) [ জেলার সকল বিদ্যালয়, মাদ্রাসার সকল প্রধান শিক্ষক/সুপারিটেনডেন্ট/অধ্যক্ষকে অবহিত করার অনুরোধসহ]

**পরিশিষ্ট: 'ছ'**

# ত্রুটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্ন

## বিষয়: ব্যবসায় উদ্যোগ বিষয় কোড: ১৪৩

১. কোনটি বিক্রয়কর্মীর গুণাবলির অন্তর্ভুক্ত?
ক. সততা
খ. বিশ্বস্ততা
গ. অভিজ্ঞতা
ঘ. আত্মবিশ্বাস

২. সেবামুখী মাঝারি শিল্পের ক্ষেত্রে নিয়োজিত শ্রমিকের সংখ্যা কত?
ক. ১৬ জনের অধিক
খ. ৫১ জনের অধিক
গ. ১২০ জনের অধিক
ঘ. ৩০০ জনের অধিক

৩. কোন ধরনের নেতৃত্বে নেতা কর্মীদের সামর্থ্যের ওপর আস্থা রাখেন না ?
ক. মুক্ত
খ. গণতান্ত্রিক
গ. স্বৈরতান্ত্রিক
ঘ. আমলাতান্ত্রিক

৪. কোন পত্রটি পাওয়ার পর পাবলিক লিঃ কোম্পানি ব্যবসায়িক কার্যক্রম আরম্ভ করতে পারে?
ক. কোম্পানির নিবন্ধন পত্র
খ. কার্যারম্ভের অনুমতি পত্র
গ. শেয়ার বিক্রয়ের বিবরণ পত্র
ঘ. ন্যূনতম চাঁদা সংগ্রহের ঘোষণা পত্র

৫. মুক্ত নেতৃত্বে-
ক. কর্মীদের জবাবদীহি আশা করা হয়
খ. নেতা কর্মীদের নিকট জবাবদীহিতা করেন
গ. কর্মীরা সুনির্দিষ্ট আদেশ লাভ করেন
ঘ. নেতা সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব করেন

৬. কোনটি বিক্রয়কর্মীর মানসিক গুণ ?
ক. সততা
খ. বিশ্বস্ততা
গ. আন্তরিকতা
ঘ. সুন্দর চেহারা

৭. কোনটি অংশীদারি ব্যবসায়ের ক্ষেত্রে প্রযোজ্য?
ক. আইনসৃষ্ট ব্যবসায় সংগঠন
খ. সর্বোচ্চ সদস্য সংখ্যা ৭ জন
গ. ব্যবসায় নিবন্ধন বাধ্যতামূলক
ঘ. সদস্যদের দায় ব্যক্তিগত ও সমষ্টিগতভাবে অসীম

৮. ম্যাক্রোস্ক্রিনিং এর যে প্রভাবকের উপর পণ্য বা সেবা সামগ্রীর বাজারের আকার নির্ভর করে তা হলো-
ক. জনসংখ্যা
খ. অর্থনৈতিক
গ. আইনগত
ঘ. সাংস্কৃতিক

৯. জনাব জোবায়ের ও জনাব কায়সার সমঝোতার ভিত্তিতে যথাক্রমে ৩,০০,০০০ টাকা ও ২,০০,০০০ টাকা বিনিয়োগ করে একটি অংশীদারি ব্যবসায় শুরু করেন। তাদের মুনাফা বণ্টনের অনুপাত ১:১। জনাব জোবায়ের ব্যবসায়িক যাবতীয় কার্যক্রম পরিচালনা করলেও জনাব কায়সার শুধু মুনাফা ভোগ করেন। জনাব কায়সার কোন ধরনের অংশীদার ?
ক. ঘুমন্ত
খ. সীমিত
গ. সাধারণ
ঘ. নামমাত্র

১০. কোন ব্যবসায়ের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন নয়?
ক. রাষ্ট্রীয়
খ. অংশীদারি
গ. যৌথমূলধনি
ঘ. একমালিকানা

১১. রমজানে চড়ামূল্যে বিক্রির জন্য ব্যবসায়ী জনাব সাহেদ বছরের শুরু থেকেই পেঁয়াজ সংগ্রহ করে রাখেন। উদ্দীপকে বিপণনের কোন কাজের প্রতি ইঙ্গিত করা হয়েছে ?
ক. প্রমিতকরণ
খ. মোড়কিকরণ
গ. পর্যায়িতকরণ
ঘ. গুদামজাতকরণ

১২. ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে-
- ক. সর্বোচ্চ ১২০ জন শ্রমিক নিয়োজিত
- খ. ১০ কোটি টাকার বেশি বিনিয়োগকৃত প্রতিষ্ঠান
- গ. স্থায়ী সম্পত্তির প্রতিস্থাপন ব্যয় সর্বোচ্চ ১ কোটি টাকা
- ঘ. পরিবারের সদস্যদের নিয়ে গঠিত প্রতিষ্ঠান

১৩. বিজ্ঞাপনের ফলে-
- i. পণ্যের বাজার পরিধি বৃদ্ধি পায়
- ii. পণ্যের বাজার পরিধি হ্রাস পায়
- iii. ভোক্তার ব্যয় প্রবণতা বৃদ্ধি পায়

নিচের কোনটি সঠিক?
- ক. i ও ii
- খ. i ও iii
- গ. ii ও iii
- ঘ. i, ii ও iii

১৪. কোনটি বিক্রয়কর্মীর নৈতিক গুণ ?
- ক. আত্মবিশ্বাস
- খ. আন্তরিকতা
- গ. ধৈর্যশীলতা
- ঘ. উপরের কোনটিই সঠিক নয়

১৫. কত সালের আইন অনুযায়ী অংশীদারি ব্যবসায় গঠিত হয় ?
- ক. ১৯৩২
- খ. ১৯১৩
- গ. ২০০১
- ঘ. ১৯৯৪

১৬. কোন সংগঠনের সদস্য সংখ্যা সর্বনিম্ন ৭ জন?
- ক. সমবায় সমিতি
- খ. অংশীদারি ব্যবসায়
- গ. যৌথমূলধনি ব্যবসায়
- ঘ. পাবলিক লি. কোম্পানি

১৭. উৎপাদন শিল্পের অন্তর্ভুক্ত হচ্ছে-
- ক. কাগজ তৈরি
- খ. কাপড় তৈরি
- গ. জুতা তৈরি
- ঘ. উপরের সবগুলো সঠিক

**পরিশিষ্ট: 'জ'**

## ত্রুটিযুক্ত বহুনির্বাচনি প্রশ্নের শুদ্ধরূপ

**বিষয়: ব্যবসায় উদ্যোগ** **বিষয় কোড: ১৪৩**

| ত্রুটিযুক্ত রূপ | ত্রুটিমুক্ত রূপ |
|---|---|
| **উদ্দীপকে উদ্দীপনা সৃষ্টিতে প্রয়োজনীয় তথ্য সরবরাহ করতে হবে।** | |
| ১. কোনটি বিক্রয়কর্মীর গুণাবলির অন্তর্ভুক্ত?<br>ক. সততা<br>খ. বিশ্বস্ততা<br>গ. অভিজ্ঞতা<br>ঘ. আত্মবিশ্বাস | ১. কোনটি বিক্রয়কর্মীর মানসিক গুণাবলির অন্তর্ভুক্ত?<br>ক. সততা<br>খ. বিশ্বস্ততা<br>গ. অভিজ্ঞতা<br>ঘ. আত্মবিশ্বাস |
| **উদ্দীপক সহজ ভাষায় এবং সংক্ষিপ্ত আকারে উপস্থাপন করতে হবে।** | |
| ২. ম্যাক্রোস্ক্রিনিং এর যে প্রভাবকের উপর পণ্য বা সেবা সামগ্রীর বাজারের আকার নির্ভর করে তা হলো-<br>ক. জনসংখ্যা<br>খ. অর্থনৈতিক<br>গ. আইনগত<br>ঘ. সাংস্কৃতিক | ২. ম্যাক্রোস্ক্রিনিং এর কোন প্রভাবকের উপর বাজারের আকার নির্ভর করে?<br>ক. জনসংখ্যা<br>খ. অর্থনৈতিক<br>গ. আইনগত<br>ঘ. সাংস্কৃতিক |
| **উদ্দীপক অপ্রাসঙ্গিক উপাদানমুক্ত হবে।** | |
| ৩. জনাব জোবায়ের ও জনাব কায়সার সমঝোতার ভিত্তিতে যথাক্রমে ৩,০০,০০০ টাকা ও ২,০০,০০০ টাকা বিনিয়োগ করে একটি অংশীদারি ব্যবসায় শুরু করেন। তাদের মুনাফা বণ্টনের অনুপাত ১:১। জনাব জোবায়ের ব্যবসায়িক যাবতীয় কার্যক্রম পরিচালনা করলেও জনাব কায়সার শুধু মুনাফা ভোগ করেন।<br>জনাব কায়সার কোন ধরনের অংশীদার ?<br>ক. ঘুমন্ত<br>খ. সীমিত<br>গ. সাধারণ<br>ঘ. নামমাত্র | ৩. জনাব কায়সার ও জনাব জোবায়ের একটি অংশীদারি ব্যবসায় শুরু করেন। উভয়েই সমানভাবে মুনাফা ভোগ করলেও জনাব জোবায়ের একাই ব্যবসায়ের যাবতীয় কাজকর্ম পরিচালনা করেন।<br>জনাব কায়সার কোন ধরনের অংশীদার ?<br>ক. ঘুমন্ত<br>খ. সীমিত<br>গ. সাধারণ<br>ঘ. নামমাত্র |
| **উদ্দীপকে প্রয়োজনীয় শব্দ অন্তর্ভুক্ত করতে হবে যাতে বিকল্প উত্তরগুচ্ছে কোন শব্দের পুনরাবৃত্তি না থাকে।** | |
| ৪. সেবামুখী মাঝারি শিল্পের ক্ষেত্রে নিয়োজিত শ্রমিকের সংখ্যা কত?<br>ক. ১৬ জনের অধিক<br>খ. ৫১ জনের অধিক<br>গ. ১২০ জনের অধিক<br>ঘ. ৩০০ জনের অধিক | সেবামুখী মাঝারি শিল্পের ক্ষেত্রে নিয়োজিত শ্রমিকের সর্বনিম্ন সংখ্যা কত ?<br>ক. ১৬<br>খ. ৫১<br>গ. ১২০<br>ঘ. ৩০০ |
| **উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে। না-বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।** | |
| ৫. কোন ব্যবসায়ের মূল উদ্দেশ্য মুনাফা অর্জন নয় ?<br>ক. রাষ্ট্রীয়<br>খ. অংশীদারি<br>গ. যৌথমূলধনি<br>ঘ. একমালিকানা | ৫. কোন ব্যবসায়ের মূল উদ্দেশ্য জনকল্যাণ সাধন?<br>ক. রাষ্ট্রীয়<br>খ. অংশীদারি<br>গ. যৌথমূলধনি<br>ঘ. একমালিকানা |

<table>
<tr><td colspan="2">উদ্দীপক যথাসম্ভব হ্যাঁ বোধক হতে হবে। না-বোধক শব্দ ব্যবহার অনিবার্য হলে তা পরীক্ষার্থীদের দৃষ্টিগ্রাহ্য করে তুলতে হবে।</td></tr>
<tr><td>৬. কোন ধরনের নেতৃত্বে নেতা কর্মীদের সামর্থ্যের ওপর আস্থা রাখেন না ?<br>ক. মুক্ত<br>খ. গণতান্ত্রিক<br>গ. স্বৈরতান্ত্রিক<br>ঘ. আমলাতান্ত্রিক</td><td>৬. কোন ধরনের নেতৃত্বে নেতা কর্মীদের সামর্থ্যের ওপর আস্থা রাখেন না ?<br>ক. মুক্ত<br>খ. গণতান্ত্রিক<br>গ. স্বৈরতান্ত্রিক<br>ঘ. আমলাতান্ত্রিক</td></tr>
<tr><td colspan="2">উদ্দীপকে এমন কোন ইংগিত থাকবে না যাতে পরীক্ষার্থী সঠিক উত্তর বাছাই করে নিতে এবং ভুল উত্তর বাদ দিতে পারে।</td></tr>
<tr><td>৭. কোন পত্রটি পাওয়ার পর পাবলিক লিঃ কোম্পানি ব্যবসায়িক কার্যক্রম আরম্ভ করতে পারে ?<br>ক. কোম্পানির নিবন্ধন পত্র<br>খ. কার্যারম্ভের অনুমতি পত্র<br>গ. শেয়ার বিক্রয়ের বিবরণ পত্র<br>ঘ. ন্যূনতম চাঁদা সংগ্রহের ঘোষণা পত্র</td><td>৭. কোনটি পাওয়ার পর পাবলিক লিঃ কোম্পানির গঠন প্রক্রিয়া সম্পন্ন হয় ?<br>ক. কোম্পানির নিবন্ধন পত্র<br>খ. কার্যারম্ভের অনুমতি পত্র<br>গ. শেয়ার বিক্রয়ের বিবরণ পত্র<br>ঘ. ন্যূনতম চাঁদা সংগ্রহের ঘোষণা পত্র</td></tr>
<tr><td colspan="2">নেতিবাচক ধারণা সৃষ্টি হয় এমন উদ্দীপক পরিহার করতে হবে।</td></tr>
<tr><td>৮. রমজানে চড়ামূল্যে বিক্রির জন্য ব্যবসায়ী জনাব সাহেদ বছরের শুরু থেকেই পেঁয়াজ সংগ্রহ করে রাখেন।<br>উদ্দীপকে বিপণনের কোন কাজের প্রতি ইঙ্গিত করা হয়েছে ?<br>ক. প্রমিতকরণ<br>খ. মোড়কিকরণ<br>গ. পর্যায়িতকরণ<br>ঘ. গুদামজাতকরণ</td><td>৮. সারা বছর পেঁয়াজের চাহিদা থাকায় উৎপাদন মৌসুমে ব্যবসায়ী জনাব সাহেদ পেঁয়াজ সংগ্রহ করে রাখেন।<br>উদ্দীপকে বিপণনের কোন কাজের প্রতি ইঙ্গিত করা হয়েছে ?<br>ক. প্রমিতকরণ<br>খ. মোড়কিকরণ<br>গ. পর্যায়িতকরণ<br>ঘ. গুদামজাতকরণ</td></tr>
<tr><td colspan="2">বিকল্প উত্তরগুচ্ছ বিষয়বস্তু ও ব্যাকরণগত গঠনের দিক থেকে উদ্দীপকের সঙ্গে সংগতিপূর্ণ হবে।</td></tr>
<tr><td>৯. মুক্ত নেতৃত্বে-<br>ক. কর্মীদের জবাবদীহি আশা করা হয়<br>খ. নেতা কর্মীদের নিকট জবাবদীহিতা করেন<br>গ. কর্মীরা সুনির্দিষ্ট আদেশ লাভ করেন<br>ঘ. নেতা সিদ্ধান্ত গ্রহণে বিলম্ব করেন</td><td>৯. মুক্ত নেতৃত্বে-<br>ক. কর্মীদের জবাবদিহিতা আশা করা হয়<br>খ. নেতা কর্মীদের নিকট জবাবদিহি করেন<br>গ. কর্মীরা সুনির্দিষ্ট আদেশ গ্রহণ করেন<br>ঘ. নেতা সিদ্ধান্ত গ্রহণে বেশি সময় নেন</td></tr>
<tr><td colspan="2">বিকল্প উত্তরগুচ্ছ উদ্দীপকের অসম্পূর্ণ বাক্যকে অর্থপূর্ণ করে তুলবে।</td></tr>
<tr><td>১০. ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে-<br>ক. সর্বোচ্চ ১২০ জন শ্রমিক নিয়োজিত<br>খ. ১০ কোটি টাকার বেশি বিনিয়োগকৃত প্রতিষ্ঠান<br>গ. স্থায়ী সম্পত্তির প্রতিস্থাপন ব্যয় সর্বোচ্চ ১ কোটি টাকা<br>ঘ. পরিবারের সদস্যদের নিয়ে গঠিত প্রতিষ্ঠান</td><td>১০. ক্ষুদ্র শিল্পের ক্ষেত্রে-<br>ক. নিয়োজিত শ্রমিকের সংখ্যা সর্বোচ্চ ১২০ জন<br>খ. সর্বনিম্ন বিনিয়োগের পরিমাণ ১০ কোটি টাকা<br>গ. স্থায়ী সম্পত্তির প্রতিস্থাপন ব্যয় সর্বোচ্চ ১ কোটি টাকা<br>ঘ. মালিকানা পরিবারের সদস্যদের মধ্যে সীমাবদ্ধ থাকে</td></tr>
<tr><td colspan="2">পরীক্ষার্থী কর্তৃক (কমপক্ষে ৫%) বিকল্প উত্তরসমূহ নির্বাচিত হওয়ার সম্ভাবনা থাকতে হবে।</td></tr>
<tr><td>১১. কোনটি বিক্রয়কর্মীর মানসিক গুণ?<br>ক. সততা<br>খ. বিশ্বস্ততা<br>গ. আন্তরিকতা<br>ঘ. সুন্দর চেহারা</td><td>১১. কোনটি বিক্রয়কর্মীর মানসিক গুণ ?<br>ক. সততা<br>খ. বিশ্বস্ততা<br>গ. আন্তরিকতা<br>ঘ. মার্জিত ব্যবহার</td></tr>
</table>

**বিকল্প উত্তরগুচ্ছ সংখ্যাবাচক হলে ক্রমানুযায়ী বিন্যাস করতে হবে।**

| | |
|---|---|
| ১২. কত সালের আইন অনুযায়ী অংশীদারি ব্যবসায় গঠিত হয় ? | ১২. কত সালের আইন অনুযায়ী অংশীদারি ব্যবসায় গঠিত হয় ? |
| ক. ১৯৩২ | ক. ১৯১৩ ক. ২০০১ |
| খ. ১৯১৩ | খ. ১৯৩২ খ. ১৯৯৪ |
| গ. ২০০১ | গ. ১৯৯৪ গ. ১৯৩২ |
| ঘ. ১৯৯৪ | ঘ. ২০০১ ঘ. ১৯১৩ |

**বিকল্প উত্তরগুচ্ছ দৈর্ঘ্যে প্রায় সমান হতে হবে।**

| | |
|---|---|
| ১৩. কোনটি অংশীদারি ব্যবসায়ের ক্ষেত্রে প্রযোজ্য ? | ১৩. কোনটি অংশীদারি ব্যবসায়ের ক্ষেত্রে প্রযোজ্য ? |
| ক. আইনসৃষ্ট ব্যবসায় সংগঠন | ক. আইনসৃষ্ট ব্যবসায় সংগঠন |
| খ. সর্বোচ্চ সদস্য সংখ্যা ৭ জন | খ. সর্বোচ্চ সদস্য সংখ্যা ৭ জন |
| গ. ব্যবসায় নিবন্ধন বাধ্যতামূলক | গ. ব্যবসায় নিবন্ধন বাধ্যতামূলক |
| ঘ. সদস্যদের দায় ব্যক্তিগত ও সমষ্টিগতভাবে অসীম | ঘ. সদস্যদের দায় ব্যক্তিগতভাবে অসীম |

**বিকল্প উত্তরসমূহের Mutually Inclusive পরিহার করতে হবে।**

| | |
|---|---|
| ১৪. কোন সংগঠনের সদস্য সংখ্যা সর্বনিম্ন ৭ জন? | ১৪. কোন সংগঠনের সদস্য সংখ্যা সর্বনিম্ন ৭ জন? |
| ক. সমবায় সমিতি | ক. সমবায় সমিতি |
| খ. অংশীদারি ব্যবসায় | খ. অংশীদারি ব্যবসায় |
| গ. যৌথমূলধনি ব্যবসায় | গ. প্রাইভেট লি. কোম্পানি |
| ঘ. পাবলিক লি. কোম্পানি | ঘ. পাবলিক লি. কোম্পানি |

**বিকল্প উত্তরসমূহের Mutually Exclusive পরিহার করতে হবে।**

| | |
|---|---|
| ১৫. বিজ্ঞাপনের ফলে- | ১৫. বিজ্ঞাপনের ফলে- |
| i. পণ্যের বাজার পরিধি বৃদ্ধি পায় | i. পণ্যের বাজার পরিধি বৃদ্ধি পায় |
| ii. পণ্যের বাজার পরিধি হ্রাস পায় | ii. ভোক্তার ক্রয়ক্ষমতা হ্রাস পায় |
| iii. ভোক্তার ব্যয় প্রবণতা বৃদ্ধি পায় | iii. ভোক্তার ব্যয় প্রবণতা বৃদ্ধি পায় |
| নিচের কোনটি সঠিক? | নিচের কোনটি সঠিক? |
| ক. i ও ii | ক. i ও ii |
| খ. i ও iii | খ. i ও iii |
| গ. ii ও iii | গ. ii ও iii |
| ঘ. i, ii ও iii | ঘ. i, ii ও iii |

**বিকল্প উত্তরসমূহের Mutually Exclusive পরিহার করতে হবে।**

| | |
|---|---|
| ১৫. বিজ্ঞাপনের ফলে- | ১৫. বিজ্ঞাপনের ফলে- |
| i. পণ্যের বাজার পরিধি বৃদ্ধি পায় | i. পণ্যের বাজার পরিধি বৃদ্ধি পায় |
| ii. পণ্যের বাজার পরিধি হ্রাস পায় | ii. পণ্যের বাজার পরিধি হ্রাস পায় |
| iii. ভোক্তার ব্যয় প্রবণতা বৃদ্ধি পায় | iii. ভোক্তার ব্যয় প্রবণতা বৃদ্ধি পায় |
| নিচের কোনটি সঠিক? | নিচের কোনটি সঠিক? |
| ক. i ও ii | ক. i |
| খ. i ও iii | খ. ii |
| গ. ii ও iii | গ. i ও iii |
| ঘ. i, ii ও iii | ঘ. ii ও iii |

**বিকল্প উত্তরে 'উপরের সবগুলো সঠিক'-এমন বাক্য পরিহার করতে হবে।**

| | |
|---|---|
| ১৬. উৎপাদন শিল্পের অন্তর্ভুক্ত হচ্ছে- | ১৬. উৎপাদন শিল্পের অন্তর্ভুক্ত হচ্ছে- |
| ক. কাগজ তৈরি | ক. সেতু তৈরি |
| খ. কাপড় তৈরি | খ. কাপড় তৈরি |
| গ. জুতা তৈরি | গ. নার্সারি |
| ঘ. উপরের সবগুলো সঠিক | ঘ. হ্যাচারি |

**বিকল্প উত্তরে 'উপরের কোনটিই সঠিক নয়'-এমন বাক্য পরিহার করতে হবে।**

| | |
|---|---|
| ১৭. কোনটি বিক্রয়কর্মীর নৈতিক গুণ ? | ১৭. কোনটি বিক্রয়কর্মীর নৈতিক গুণ? |
| ক. আত্মবিশ্বাস | ক. আত্মবিশ্বাস |
| খ. আন্তরিকতা | খ. আন্তরিকতা |
| গ. ধৈর্যশীলতা | গ. ধৈর্যশীলতা |
| ঘ. উপরের কোনটিই সঠিক নয় | ঘ. মার্জিত ব্যবহার |

পরিশিষ্ট: 'ঝ'

## মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড----------
## এসএসসি/দাখিল ২০... খ্রিস্টাব্দ
## বিষয়: ব্যবসায় উদ্যোগ বিষয় কোড: ১৪৩

## বহুনির্বাচনি প্রশ্নের নির্দেশক ছক

| দক্ষতার স্তর | অধ্যায় | | | | | | | | | | | | মোট | শতকরা |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | | |
| উচ্চতর দক্ষতা | | | | | | | | | | | | | | |
| প্রয়োগ দক্ষতা | | | | | | | | | | | | | | |
| অনুধাবন দক্ষতা | | | | | | | | | | | | | | |
| জ্ঞান দক্ষতা | | | | | | | | | | | | | | |
| মোট | | | | | | | | | | | | | | |

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড ----------

পরীক্ষার নাম------------- ২০--- খ্রিস্টাব্দ

বিষয়: ব্যবসায় উদ্যোগ বিষয় কোড: ১৪৩

## বহুনির্বাচনি প্রশ্নের সঠিক উত্তর (Answer Key) উপস্থাপনের নমুনা ছক

| এমসিকিউ আইটেম নম্বর | সঠিক উত্তর Answer Key | এমসিকিউ আইটেম নম্বর | সঠিক উত্তর Answer Key |
|---|---|---|---|
| ১ | | ১৬ | |
| ২ | | ১৭ | |
| ৩ | | ১৮ | |
| ৪ | | ১৯ | |
| ৫ | | ২০ | |
| ৬ | | ২১ | |
| ৭ | | ২২ | |
| ৮ | | ২৩ | |
| ৯ | | ২৪ | |
| ১০ | | ২৫ | |
| ১১ | | ২৬ | |
| ১২ | | ২৭ | |
| ১৩ | | ২৮ | |
| ১৪ | | ২৯ | |
| ১৫ | | ৩০ | |

# সৃজনশীল প্রশ্নের উদাহরণ

## বিষয়: ব্যবসায় উদ্যোগ বিষয় কোড: ১৪৩

১. জনাব আহাদ বিদেশ থেকে উচ্চতর ডিগ্রি নিয়ে বাবার ব্যবসায়ের হাল ধরলেন। প্রাথমিক পদক্ষেপ হিসেবে তিনি কারো সাথে আলোচনা না করেই এক বিভাগের কর্মীদের আরেক বিভাগে স্থানান্তর করলেন এবং উৎপাদন বিভাগের ব্যবস্থাপককে চাকরি হতে অব্যাহতি দিলেন। কর্মীদের উপর পুরোপুরি নির্ভর না করে তিনি নিজেই নিরলসভাবে কাজ করতে থাকেন। প্রথম দিকে অনেকেই অসন্তুষ্ট হলেও কাজের প্রতি তার আগ্রহ দেখে কর্মীরাও কাজ সম্পাদনে সচেষ্ট হয়।

ক. সমন্বয় সাধন কী ? ১

খ. কোন ধরণের নেতৃত্বে সিদ্ধান্ত গ্রহণ বিলম্বিত হয়? ব্যাখ্যা কর। ২

গ. জনাব আহাদের প্রাথমিক পদক্ষেপটি ব্যবস্থাপনার কোন কাজের অন্তর্গত ? ব্যাখ্যা কর। ৩

ঘ. জনাব আহাদের নেতৃত্বের ধরন চিহ্নিত করে তার কার্যক্রমে আদর্শ নেতার গুণাবলি প্রতিফলিত হয়েছে কি না তা বিশ্লেষণ কর। ৪

২. জনাব মহসিন ও জনাব মঈন দুইজন ব্যবসায়ী। জনাব মহসিন মায়ানমার ও ভারত থেকে নিত্য প্রয়োজনীয় দ্রব্য আমদানি করেন। দেশের বিভিন্ন স্থান থেকে ব্যবসায়ীরা এসে তাঁর কাছ থেকে এসকল পণ্য কিনে ক্রেতাদের নিকট বিক্রয় করেন। জনাব মঈন তাঁর দোকানে শুধু *পাওয়ার জেনারেটিং কোম্পানির* প্রস্তুতকৃত জেনারেটর বিক্রয় করেন এবং বিক্রয়কৃত পণ্যের উপর নির্ধারিত হারে কমিশন লাভ করেন।

ক. বিক্রয়িকতা কী ? ১

খ. পণ্যের গুণাগুণ অক্ষুন্ন রাখার ক্ষেত্রে বিপণনের ভূমিকা ব্যাখ্যা কর। ২

গ. আওতা ও প্রকারভেদ বিবেচনায় জনাব মহসিন ও মঈনের ব্যবসায়ের ধরন ব্যাখ্যা কর। ৩

ঘ. 'জনাব মহসিন ও জনাব মঈনের ব্যবহৃত বন্টন প্রণালি ভিন্ন হলেও উভয়ের ভূমিকা একই প্রকৃতির।' বিবৃতিটি মূল্যায়ন কর। ৪

৩. বেকার যুবক জনাব তানজিল শিমুলিয়া গ্রামে পরিত্যক্ত ১টি পুকুর নিয়ে হ্যাচারি তৈরি করেন। প্রথমে স্থানীয়ভাবে কম দামে ভালো মানের পোনা বিক্রয় শুরু করেন। পরবর্তীতে দুর-দুরান্ত থেকেও অনেক পাইকারি বিক্রেতা তার হ্যাচারিতে পোনা ক্রয়ের জন্য আসতে শুরু করে। জনাব তানজিল হ্যাচারির আকার বৃদ্ধির সিদ্ধান্ত নেন এবং গ্রামের প্রায় ১৫জন বেকার যুবককে প্রশিক্ষণ প্রদান করে কাজে নিয়োগ দেন। বর্ষা মৌসুম শুরু হলে গ্রামের কাঁচা রাস্তায় ভ্যান ও ট্রাক চলাচলের অনুপোযুক্ত হয়ে পড়ে। ফলে পাইকারদের যাতায়াত নিয়ে তানজিল চিন্তায় পড়ে যান।

ক. ঝুঁকি কী ? ১

খ. প্রয়োজনীয় অর্থসংস্থান কীভাবে ব্যবসায় উদ্যোগকে প্রভাবিত করে ? ব্যাখ্যা কর। ২

গ. বর্ষা মৌসুমে জনাব তানজিল কোন ধরণের ঝুঁকির সম্মুখীন হয়েছেন ? ব্যাখ্যা কর। ৩

ঘ. আর্থ-সামাজিক উন্নয়নে জনাব তানজিলের কার্যক্রমের গুরুত্ব মূল্যায়ন কর। ৪

৪. কুঞ্জছায়া সমবায় সমিতির প্রতিষ্ঠাতা সদস্য হলেন জনাব আনোয়ার। সমিতির ২৫জন সদস্যের মধ্যে জনাব আনোয়ারের শেয়ারের সংখ্যা সবচেয়ে বেশি। চলতি বছর ব্যবস্থাপনা কমিটি নির্বাচনের সময় তিনি তাঁর নিকটাত্মীয় জনাব আকীবকে কোষাধ্যক্ষ পদে নির্বাচিত করার জন্য সমিতির অন্য সদস্যদের প্রভাবিত করার চেষ্টা করেন। কিন্তু জনাব আকীব সম্পর্কে বেশিরভাগ সদস্যের আপত্তি থাকায় জনাব আনোয়ার সফল হতে পারেননি। পরবর্তীতে কাজটি ঠিক হয়নি বুঝতে পেরে জনাব আনোয়ার অন্য সদস্যদের নিকট দুঃখ প্রকাশ করেন।

ক. জাতীয় সমবায় সমিতি কাকে বলে? ১

খ. সমবায় কিভাবে রাষ্ট্রীয় ব্যবসায় হতে পৃথক ? ব্যাখ্যা কর। ২

গ. ২০০১ সালের সমবায় আইন অনুযায়ী উদ্দীপকের প্রতিষ্ঠানটি কোন ধরনের সমবায়? ব্যাখ্যা কর। ৩

ঘ. উদ্দীপকের প্রতিষ্ঠানটির কার্যক্রমে সমবায় সমিতির মূলনীতির প্রতিফলন ঘটেছে কি? যুক্তিসহ তোমার মতামত দাও। ৪

৫. সিলেটের তরিকুল ও তার দুই ভাই মিলে নিজেদের বাড়িতে বাঁশের খেলনা তৈরি করে স্থানীয় বাজারে বিক্রয় করে। মিলন এবং তাঁর কয়েকজন বন্ধু ২০ কোটি টাকা ও ২০০জন শ্রমিক নিয়ে আসবাবপত্র তৈরির কারখানা স্থাপন করেন। আসবাবপত্র তৈরির প্রয়োজনীয় কাঠ চট্টগ্রাম ও পার্বত্য চট্টগ্রাম এলাকা থেকে সংগ্রহ করতে হয়। এই এলাকায় অনেকেই কারখানায় কাজ করতে চায়। কিন্তু মিলনদের কাজের উপযুক্ত লোক প্রায় নেই বললেই চলে। এছাড়া বিক্রয়ের জন্য আসবাবপত্র ঢাকা-চট্টগ্রামসহ বড় বড় শহরে পাঠাতে হয় কারণ স্থানীয়ভাবে বিক্রয়ের সুযোগ খুবই কম। অনেক প্রচেষ্টার পরেও মিলনরা কাঙ্খিত মুনাফা অর্জন করতে পারছে না।

ক. কুটির শিল্প কী ? ১

খ. শিল্পনীতিতে বিভিন্ন বিভাগকে উন্নত এবং অনুন্নত জেলায় বিভক্ত করার কারণ ব্যাখ্যা কর। ২

গ. জাতীয় শিল্পনীতি-২০২২ অনুযায়ী ব্যাপক অর্থে তরিকুলের প্রতিষ্ঠানটি কোন ধরনের শিল্পের অন্তর্গত ? ব্যাখ্যা কর। ৩

ঘ. বিনিয়োগের মাপকাঠি বিবেচনায় মিলনদের শিল্প প্রতিষ্ঠানের ধরন চিহ্নিত করে সমস্যা সমাধানের উপায় বিশ্লেষণ করো। ৪

৬. সেলাই কাজের দক্ষতাকে পুঁজি করে তুলি একটি সেলাই মেশিন ক্রয় করে এলাকার মহিলাদের কাপড় সেলাইয়ের মাধ্যমে জীবিকা নির্বাহ করেন। তুলির প্রতিবেশী মলিও তুলির পথ অনুসরণ করে। পরবর্তীতে একটি বড় কাজের অর্ডার পেলে মলি তার জমানো টাকা ও ব্যাংক ঋণ নিয়ে ২০টি সেলাই মেশিন ক্রয় করেন। ২০জন দক্ষ সেলাই কর্মী নিয়ে দিন-রাত পরিশ্রম করে সঠিক সময়ে অর্ডার সরবরাহ করেন। নিজের প্রতি আস্থা মলিকে পরবর্তীতে 'মলি ফ্যাশন হাউস' গড়ে তুলতে সহায়তা করে।

ক. বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড হতে কারা প্রশিক্ষণ গ্রহণ করতে পারে ? ১

খ. কোম্পানি সংগঠন ও অংশীদারি সংগঠনের সদস্যদের দায় ভিন্ন কেন? ব্যাখ্যা করো। ২

গ. মালিকানার ভিত্তিতে তুলির ব্যবসায়ের ধরনটি ব্যাখ্যা কর। ৩

ঘ. 'মলি ও তুলি দু'জনেই ব্যবসায় উদ্যোক্তা নয়।' বিবৃতিটির যথার্থতা মূল্যায়ন করো। ৪

৭. জনাব আজাদ টাঙ্গাইলে নিজস্ব তাঁতে শড়ি তৈরি করেন। গতানুগতিক ডিজাইনের বদলে বৈচিত্র আনতে তিনি ফ্যাশন ডিজাইনিং এর উপর কোর্স করেন এবং তার এক বন্ধুর পরামর্শে বিটাক থেকে প্রশিক্ষণ গ্রহণের মাধ্যমে অত্যাধুনিক মেশিন স্থাপন, মেশিন ব্যবহার ও কারিগরি নানা বিষয়ে জ্ঞান লাভ করেন। যা তার ব্যবসায় সম্প্রসারণে সহায়তা করে।

ক. সহযোগী প্রতিষ্ঠান উন্নয়নের আওতায় ব্র্যাক কী কাজ করে? ১

খ. 'আত্মকর্মসংস্থানের ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তর ও প্রশিকার ভূমিকা একই।' ব্যাখ্যা করো। ২

গ. জনাব আজাদের ব্যবসায় সম্প্রসারণের ক্ষেত্রে ব্যবসায়িক পরিবেশের কোন উপাদান ভূমিকা রেখেছে ? ব্যাখ্যা কর। ৩

ঘ. সহায়ক সেবার ধরন বিবেচনায় জনাব আজাদের ব্যবসায়ের সফলতার ক্ষেত্রে বিটাকের ভূমিকা মূল্যায়ন কর। ৪

৮. জনাব আরিশা একটি অডিও রেকডিং প্রতিষ্ঠানের মালিক। ১৯৫৩ সালে মৃত্যুবরণ করা একজন গায়কের গ্রামোফোন রেকর্ডে সংরক্ষিত কিছু গান শুনে তাঁর খুব ভালো লাগলো। তিনি চলতি বছর ভালোভাবে খোঁজ খবর নিয়ে ঐ গানগুলো পুনরায় রেকর্ড করে নিজ নামে বাজারজাত করেন। যদিও গানগুলো একটি চুক্তি দ্বারা গায়কের নামে নিবন্ধিত ছিল। গায়কের পরিবার বিষয়টি জানতে পেরে ক্ষতিপূরণ পাওয়ার জন্য আইনের আশ্রয় নেয়ার সিদ্ধান্ত নেয়।

ক. ব্যবসায় মূল্যবোধ কী ? ১

খ. ফ্রানসাইজিকে ফ্রানসাইজরের নির্দেশনা অনুযায়ী ব্যবসায় পরিচালনা করতে হয় কেন? ব্যাখ্যা করো। ২

গ. জনাব আরিশার কার্যক্রম ব্যবসায় নৈতিকতার ভিত্তিতে ব্যাখ্যা কর। ৩

ঘ. ব্যবসায়ের আইনগত দিক বিবেচনায় গায়কের পরিবার জনাব আরিশার কাছ থেকে ক্ষতিপূরণ পাবে কি? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

**পরিশিষ্ট: 'ঠ'**

## সৃজনশীল প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স) ও নমুনা উত্তর
## বিষয়: ব্যবসায় উদ্যোগ বিষয় কোড: ১৪৩

**১. জনাব আহাদ বিদেশ থেকে উচ্চতর ডিগ্রি নিয়ে বাবার ব্যবসায়ের হাল ধরলেন। প্রাথমিক পদক্ষেপ হিসেবে তিনি কারো সাথে আলোচনা না করেই এক বিভাগের কর্মীদের আরেক বিভাগে স্থানান্তর করলেন এবং উৎপাদন বিভাগের ব্যবস্থাপককে চাকরি হতে অব্যাহতি দিলেন। কর্মীদের উপর পুরোপুরি নির্ভর না করে তিনি নিজেই নিরলসভাবে কাজ করতে থাকেন। প্রথম দিকে অনেকেই অসন্তুষ্ট হলেও কাজের প্রতি তার আগ্রহ দেখে কর্মীরাও কাজ সম্পাদনে সচেষ্ট হয়।**

**ক. সমন্বয় সাধন কী ? ১**

**খ. কোন ধরণের নেতৃত্বে সিদ্ধান্ত গ্রহণ বিলম্বিত হয়? ব্যাখ্যা কর। ২**

**গ. জনাব আহাদের প্রাথমিক পদক্ষেপটি ব্যবস্থাপনার কোন কাজের অন্তর্গত ? ব্যাখ্যা কর। ৩**

**ঘ. জনাব আহাদের নেতৃত্বের ধরন চিহ্নিত করে তার কার্যক্রমে আদর্শ নেতার গুণাবলি প্রতিফলিত হয়েছে কি না তা বিশ্লেষণ কর। ৪**

**১ (ক) সমন্বয় সাধন কী?**

**১ (ক) প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স)**

| প্রশ্নের ক্রমিক নং | বরাদ্দকৃত মোট নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ১ (ক) | ১ | ১ | সমন্বয় সাধনের ধারণা/ সংজ্ঞা লিখতে পারলে। |
| | | ০ | অপ্রাসঙ্গিক অথবা ভুল উত্তর লিখলে। |

**১ (ক) প্রশ্নের নমুনা/পূর্ণাঙ্গ উত্তর**

যে প্রক্রিয়ার মাধ্যমে ব্যবসায় সংগঠনের কর্মী, বিভিন্ন বিভাগ ও উপবিভাগের মধ্যে কার্যকর যোগাযোগ স্থাপন করা হয় তাকে সমন্বয় সাধন বলে।

১ (খ). কোন ধরনের নেতৃত্বে সিদ্ধান্ত গ্রহণ বিলম্বিত হয়? ব্যাখ্যা করো।

**১ (খ) প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স)**

| প্রশ্নের ক্রমিক নং | বরাদ্দকৃত মোট নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ১ (খ) | ২ | ২ | মুক্ত নেতৃত্ব কীভাবে সিদ্ধান্ত গ্রহণ বিলম্বিত করে তার ব্যাখ্যা লিখতে পারলে। |
| | | ১ | মুক্ত নেতৃত্ব লিখতে পারলে। |
| | | ০ | অপ্রাসঙ্গিক অথবা ভুল উত্তর লিখলে। |

**১ (খ) প্রশ্নের নমুনা/পূর্ণাঙ্গ উত্তর**

মুক্ত নেতৃত্বে সিদ্ধান্ত গ্রহণ বিলম্বিত হয়। মুক্ত নেতৃত্বে কর্মীরা সুস্পষ্ট কোনো দিক নির্দেশনা না পাওয়ায় কী করতে হবে তা বুঝতে পারে না। এছাড়া নিজেদের ইচ্ছামতো কাজ করার সুযোগ থাকায় কখন, কী করতে হবে তা ঠিক করতেও সময় লাগে। তাই এ ধরনের নেতৃত্বে সিদ্ধান্ত গ্রহণ বিলম্বিত হয়।

**১ (গ). জনাব আহাদের প্রাথমিক পদক্ষেপটি ব্যবস্থাপনার কোন কাজের অন্তর্গত? ব্যাখ্যা করো।**

**১ (গ) প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স)**

| প্রশ্নের ক্রমিক নং | বরাদ্দকৃত মোট নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ১ (গ) | ৩ | ৩ | উদ্দীপকের তথ্যের আলোকে কর্মীসংস্থান কাজ হিসেবে প্রতিষ্ঠিত করতে পারলে। |
| | | ২ | কর্মীসংস্থান ধারণাটি ব্যাখ্যা করতে পারলে। |
| | | ১ | কর্মীসংস্থান লিখতে পারলে। |
| | | ০ | অপ্রাসঙ্গিক অথবা ভুল উত্তর লিখলে। |

**১ (গ) প্রশ্নের নমুনা/পূর্ণাঙ্গ উত্তর**

জনাব আহাদের প্রাথমিক পদক্ষেপটি হচ্ছে কর্মীসংস্থান। আমরা জানি প্রতিষ্ঠানের কার্য সম্পাদনের জন্য উপযুক্ত কর্মী সংগ্রহ, নির্বাচন, নিয়োগ ও প্রশিক্ষণ প্রদান, পদোন্নতি, বদলি, ছাঁটাই প্রভৃতি কাজকে কর্মীসংস্থান বলা হয়।

উদ্দীপকে জনাব আহাদ প্রাথমিক পদক্ষেপ হিসেবে কর্মীদের এক বিভাগ থেকে আরেক বিভাগে স্থানান্তর করেন যা কর্মীসংস্থানের বদলি কাজটিকে নির্দেশ করে এবং উৎপাদন বিভাগের ব্যবস্থাপককে অব্যাহতি দেয়ার মাধ্যমে তিনি কর্মীসংস্থানের ছাঁটাই কাজটি সম্পাদন করেন। তাই বলা যায়, আহাদের প্রাথমিক পদক্ষেপটি ব্যবস্থাপনার কর্মীসংস্থান কাজের অন্তর্গত।

**১ (ঘ). জনাব আহাদের নেতৃত্বের ধরন চিহ্নিত করে তাঁর কার্যক্রমে আদর্শ নেতার গুণাবলি প্রতিফলিত হয়েছে কি না তা বিশ্লেষণ করো।**

**১ (ঘ) প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স)**

| প্রশ্নের ক্রমিক নং | বরাদ্দকৃত মোট নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ১ (ঘ) | ৪ | ৪ | জনাব আহাদের নেতৃত্বকে স্বৈরতান্ত্রিক নেতৃত্ব হিসেবে প্রতিষ্ঠিত করে আদর্শ নেতার গুণাবলির ভিত্তিতে তাঁর কার্যক্রম বিশ্লেষণ করতে পারলে। |
| | | ৩ | উদ্দীপকের আলোকে জনাব আহাদের নেতৃত্বকে স্বৈরতান্ত্রিক নেতৃত্ব হিসেবে প্রতিষ্ঠিত করতে পারলে। |
| | | ২ | স্বৈরতান্ত্রিক নেতৃত্ব ধারণাটি ব্যাখ্যা করতে পারলে। |
| | | ১ | স্বৈরতান্ত্রিক নেতৃত্ব লিখতে পারলে। |
| | | ০ | অপ্রাসঙ্গিক অথবা ভুল উত্তর লিখলে। |

**১ (ঘ) প্রশ্নের নমুনা/পূর্ণাঙ্গ উত্তর**

জনাব আহাদের নেতৃত্বের ধরন হল স্বৈরতান্ত্রিক। যে নেতৃত্বে নেতা কর্মীদের নির্দেশ প্রদান করেন, কোন ধরনের জবাবদিহি করেন না এবং কর্মীদের পরামর্শ বা মতামত গ্রহণ করেন না তাকে স্বৈরতান্ত্রিক নেতৃত্ব বলা হয়। উদ্দীপকে জনাব আহাদ কারো সাথে আলোচনা না করে কর্মীদের এক বিভাগ থেকে আরেক বিভাগে স্থানান্তর করেন এবং তাদের উপর পুরোপুরি নির্ভর না করে নিরলসভাবে কাজ চালিয়ে যান। তাই তার নেতৃত্বের ধরন হলো স্বৈরতান্ত্রিক।

একজন আদর্শ নেতার মধ্যে অনেক গুণ বিদ্যমান থাকে যেমন-শিক্ষা ও অভিজ্ঞতা, সাহস ও সততা, পরিশ্রম ও সহনশীলতা, দায়িত্বশীল ও সহযোগিতা, সাংগঠনিক দক্ষতা ইত্যাদি। জনাব আহাদ উচ্চতর ডিগ্রির অধিকারী অর্থাৎ তিনি শিক্ষিত। তিনি নিরলসভাবে কাজ করেন অর্থাৎ পরিশ্রমী। কাজের প্রতি তার আগ্রহ দায়িত্বশীলতার প্রমাণ। কর্মীরা পূর্বের চেয়ে দক্ষভাবে কাজ করতে পারছে অর্থাৎ তার সাংগঠনিক দক্ষতার কারণে কর্মীদের দক্ষতাও বৃদ্ধি পায়। ফলে ব্যবসায় আগের চেয়ে অনেক ভাল চলছে। তাই বলা যায় জনাব আহাদের নেতৃত্বের ধরনটি স্বৈরতান্ত্রিক হলেও তাঁর মধ্যে আদর্শ নেতার অনেক গুণ বিদ্যমান।

# সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের উদাহরণ

## বিষয়: ব্যবসায় উদ্যোগ বিষয় কোড: ১৪৩

**সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন (যেকোনো দশটি প্রশ্নের উত্তর দাও) ১০×২=২০**

১. সমুদ্র থেকে ইলিশ মাছ ধরার কাজটি নিষ্কাশন শিল্পের অন্তর্গত কেন? ব্যাখ্যা করো।

২. উদ্যোগ ও ব্যবসায় উদ্যোগের মধ্যে উদ্দেশ্যগত মূল পার্থক্যটি ব্যাখ্যা করো।

৩. একজন উদ্যোক্তাকে প্রথমেই ঝুঁকি নিরূপণ করতে হয় কেন?

৪. কর্মীকে কাজে নিয়োগ দেওয়ার পূর্বেই প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হয় কেন?

৫. পাবলিক লিমিটেড কোম্পানি কীভাবে প্রাইভেট লিমিটেড কোম্পানি থেকে আলাদা/ভিন্ন?

৬. রাষ্ট্রীয় ব্যবসায়কে চিরন্তন অস্তিত্বের অধিকারী বলা হয় কেন?

৭. 'জীবন বিমা ছাড়া অন্যান্য সকল বিমা ক্ষতিপূরণ চুক্তি।'- ব্যাখ্যা করো।

৮. ব্যবসায় পরিকল্পনা কী? এটি কীভাবে ব্যবসায় পরিচালনার দিক নির্দেশনা দলিল হিসেবে কাজ করে?

৯. ৭৫ কোটি টাকা মূলধন বিনিয়োগ করে একটি হাসপাতাল প্রতিষ্ঠা করা হয়েছে যেখানে ডাক্তার, নার্স ও অন্যান্য কর্মচারী মিলিয়ে ১৫০ জন কর্মরত রয়েছেন। হাসপাতালটি কোন ধরনের সেবামূলক শিল্পের অন্তর্গত? ব্যাখ্যা করো।

১০. গণতান্ত্রিক নেতৃত্ব কাকে বলে? কর্মীদের উপর গণতান্ত্রিক নেতৃত্বের প্রভাব ব্যাখ্যা করো।

১১. একজন আদর্শ বিক্রয়কর্মীর জেন্ডার সচেতন হওয়া প্রয়োজন কেন?

১২. বাংলাদেশের মতো উন্নয়নশীল দেশে ক্ষুদ্র উদ্যোক্তাদের অগ্রাধিকার দেওয়া প্রয়োজন কেন? ব্যাখ্যা করো।

১৩. সকল ধরনের শিল্প কারখানায় বাধ্যতামূলক বর্জ্য শোধনাগার থাকা প্রয়োজন কেন? ব্যাখ্যা করো।

১৪. একটি সমবায় সমিতির শেয়ার সংখ্যা ১০০০ হলে একজন সদস্য সর্বোচ্চ কতটি শেয়ার ক্রয় করতে পারবে? কেন?

১৫. বিপণনের ক্ষেত্রে ভোক্তা বিশ্লেষণ কেন প্রয়োজন?

**পরিশিষ্ট-'ঢ'**

## সংক্ষিপ্ত উত্তর প্রশ্নের নম্বর প্রদান নির্দেশিকা (রুব্রিক্স) ও নমুনা উত্তর

**বিষয়: ব্যবসায় উদ্যোগ বিষয় কোড: ১৪৩**

১. সমুদ্র থেকে ইলিশ মাছ ধরার কাজটি নিষ্কাশন শিল্পের অন্তর্গত কেন? ব্যাখ্যা করো।

| প্রশ্নের ক্রমিক নং | বরাদ্দকৃত মোট নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ১ | ২ | ২ | নিষ্কাশন শিল্পের ধারণার আলোকে সমুদ্র থেকে ইলিশ মাছ ধরার কাজটি কেন নিষ্কাশন শিল্পের অন্তর্গত হবে তার ব্যাখ্যা লিখতে পারলে। |
| | | ১ | নিষ্কাশন শিল্পের ধারণা লিখতে পারলে। |
| | | ০ | অপ্রাসঙ্গিক অথবা ভুল উত্তর লিখলে। |

**১নং প্রশ্নের নমুনা উত্তর/পূর্ণাঙ্গ উত্তর**

ভূগর্ভ, পানি বা বায়ু থেকে প্রাকৃতিক সম্পদ আহরণ বা সংগ্রহকে নিষ্কাশন শিল্প বলে। ভূগর্ভ হতে খনিজ, পানি হতে মাছ, জলজ সম্পদ সংগ্রহ ইত্যাদি নিষ্কাশন শিল্পের অন্তর্গত। ইলিশ মাছ সমুদ্র থেকে সংগ্রহ করা হয় যা একটি প্রাকৃতিক সম্পদ। তাই সমুদ্রে থেকে ইলিশ মাছ ধরার কাজটি নিষ্কাশন শিল্পের অন্তর্গত।

২. সকল ধরনের শিল্প কারখানায় বাধ্যতামূলক বর্জ্য শোধনাগার থাকা প্রয়োজন কেন? ব্যাখ্যা করো।

২নং প্রশ্নের নম্বর প্রদান নির্দেশনা/রুব্রিক্স

| প্রশ্নের ক্রমিক নং | বরাদ্দকৃত মোট নম্বর | বিভাজিত নম্বর | মূল্যায়নের মানদন্ড (নম্বর প্রদানে বিবেচ্য বিষয়) |
|---|---|---|---|
| ২ | ২ | ২ | শিল্প কারখানা থেকে সৃষ্ট বিভিন্ন ধরনের দূষণের উল্লেখ করে তা প্রতিরোধে সকল ধরনের শিল্প কারখানায় বাধ্যতামূলক বর্জ্য শোধনাগার থাকা কেন প্রয়োজন তার ব্যাখ্যা লিখতে পারলে |
| | | ১ | পরিবেশ দূষণ রোধের জন্য সকল ধরনের শিল্প কারখানায় বাধ্যতামূলক বর্জ্য শোধনাগার থাকা প্রয়োজন লিখতে পারলে। |
| | | ০ | অপ্রাসঙ্গিক অথবা ভুল উত্তর লিখলে। |

**২নং প্রশ্নের নমুনা উত্তর/পূর্ণাঙ্গ উত্তর**

পরিবেশ দূষণ রোধে সকল ধরনের শিল্প কারখানায় বাধ্যতামূলক বর্জ্য শোধনাগার থাকা প্রয়োজন। প্রতিটি শিল্প কারখানা থেকে বর্জ্য নির্গত হয়। শিল্প কারখানা থেকে নির্গত বর্জ্যে বিভিন্ন ক্ষতিকর উপাদান থাকে। এসব বর্জ্য নদী, খাল-বিল জলাশয়ে ফেললে পরিবেশের উপাদান মাটি, পানি ও বায়ু দূষিত হয়। শিল্প কারখানায় বাধ্যতামূলক বর্জ্য শোধনাগার থাকলে শিল্প বর্জ্য পরিশোধন করে পরিবেশ দূষণ রোধ করা সম্ভব হবে। তাই পরিবেশ দূষণ রোধ করতে সকল ধরনের শিল্প কারখানায় বাধ্যতামূলক বর্জ্য শোধনাগার থাকা প্রয়োজন।

## পরিশিষ্ট : 'ণ' পরীক্ষা সংস্কারের প্রজ্ঞাপন

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুন ১৮, ২০০৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

অধিশাখা-১১

বিজ্ঞপ্তি

তারিখ, ৬ জুন ২০০৭

নং শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/৯৯৯—দেশের মাধ্যমিক স্তরে বিদ্যমান বহুমুখী শিক্ষাক্রমের আওতায় ৯ম-১০ম শ্রেণীতে একজন শিক্ষার্থীকে শিক্ষার বিশেষ শাখা (বিজ্ঞান/মানবিক/ব্যবসায় শিক্ষা) বেছে নিতে হয়। বর্তমানে প্রচলিত বহুমুখী শিক্ষা ব্যবস্থার স্থলে একমুখী শিক্ষা ব্যবস্থা চালু করা গেলে মাধ্যমিক স্তর পর্যন্ত একজন শিক্ষার্থী ব্যাপকভিত্তিক সাধারণ শিক্ষায় শিক্ষিত হয়ে ওঠার সুযোগ পাবে। এ লক্ষ্যে গত ১২-৭-২০০৫ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/৯৬০ প্রজ্ঞাপনমূলে ২০০৬ শিক্ষাবর্ষ হতে মাধ্যমিক স্তরে (৯ম শ্রেণীতে) একমুখী শিক্ষাক্রম প্রবর্তন এবং আগামী ২০০৮ সালে এস.এস.সি পরীক্ষা কাঠামোবদ্ধ প্রশ্ন অনুযায়ী অনুষ্ঠিত হবে মর্মে নির্দেশনা ছিল। প্রস্তুতি হিসেবে দেশব্যাপী মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক, জেলা শিক্ষা অফিসার এবং শিক্ষা বোর্ডের কর্মকর্তাদের অংশগ্রহণে কর্মশালা, অবহিতকরণ ও প্রশিক্ষণের বিভিন্ন কর্মসূচি বাস্তবায়ন করা হয়। এ সংস্কার কর্মসূচির প্রচার ও উদ্বুদ্ধ করণার্থে জেলা শিক্ষা কর্মকর্তা ও জেলা প্রশাসকদের নিকট সচিব, শিক্ষা মন্ত্রণালয় উপানুষ্ঠানিক পত্র দেন। একইভাবে মাননীয় সংসদ সদস্যদের নিকট তৎকালীন মাননীয় শিক্ষামন্ত্রী কর্তৃক উপানুষ্ঠানিক পত্রে একমুখী শিক্ষা কর্মসূচিকে সহায়তার অনুরোধ জানানো হয়।

২। অনিবার্য কারণে ৮ ডিসেম্বর ২০০৫ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/সেসিপ/২০০৪/১৭৮৬ সংখ্যক স্মারকের মাধ্যমে ২০০৭ শিক্ষাবর্ষ পর্যন্ত একমুখী শিক্ষাক্রম ও পরীক্ষা পদ্ধতি সংস্কার সংক্রান্ত কার্যক্রম স্থগিত করা হয় এবং পরবর্তীতে গত ১৪ আগস্ট ২০০৬ তারিখে শিম/শাঃ১১/বিবিধ-৬/

( ৬১৪৭ )

মূল্য ঃ টাকা ২.০০

সেসিপ/২০০৪/১১৯৮ সংখ্যক স্মারকের মাধ্যমে ৩১-১২-২০০৭ পর্যন্ত বর্ধিত করা হয়। বর্তমানে সরকার একমুখী শিক্ষা স্থগিত রেখে প্রচলিত শিক্ষাক্রমের আওতায় নতুন পদ্ধতিতে কাঠামোবদ্ধ প্রশ্নের মাধ্যমে পরীক্ষা পদ্ধতি সংস্কারের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেছে ঃ—

(১) এস.এস.সি পরীক্ষায় ইংরেজি ১ম পত্র, ইংরেজি ২য় পত্র, বাংলা ২য় পত্র, সহজ বাংলা, বাংলা ভাষা ও বাংলাদেশের সংস্কৃতি, কর্মমুখী শিক্ষা, বেসিক ট্রেড, আরবি/সংস্কৃত/পালি, সংগীত, শারীরিক শিক্ষা ও ক্রীড়া, বাংলা ভাষা ও সাহিত্য, English Language & Literature চারু ও কারুকলা ব্যতীত অন্যান্য বিষয়সমূহের জন্য—

(ক) প্রচলিত পরীক্ষা পদ্ধতিতে ৫০ শতাংশ নম্বরের বিষয়বস্তু সম্পর্কিত সংক্ষিপ্ত উত্তর-প্রশ্ন, ব্যাখ্যা ও রচনামূলক প্রশ্নের পরিবর্তে ৬০ শতাংশ নম্বরের কাঠামোবদ্ধ প্রশ্ন (Structured Question) ব্যবহার করা হবে। বিদ্যমান শিক্ষাক্রমের উদ্দেশ্যের সাথে সংগতি রেখে চিন্তন দক্ষতার বিভিন্ন স্তর অনুযায়ী কয়েকটি অংশ নিয়ে প্রতিটি কাঠামোবদ্ধ প্রশ্ন গঠিত হবে। তবে পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, উচ্চতর গণিত, কৃষি শিক্ষা, গার্হস্থ্য অর্থনীতি এবং কম্পিউটার শিক্ষা বিষয়সমূহের ক্ষেত্রে ৪০ শতাংশ নম্বরের কাঠামোবদ্ধ প্রশ্ন ব্যবহার করা হবে।

(খ) বহু নির্বাচনী প্রশ্নের (MCQ) জন্য বর্তমানে নির্ধারিত ৫০ শতাংশ নম্বরের পরিবর্তে ৪০ শতাংশ নম্বর নির্ধারিত থাকবে, তবে পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, উচ্চতর গণিতে ৩৫ শতাংশ, কম্পিউটার শিক্ষা বিষয়ে ৩০ শতাংশ এবং কৃষি শিক্ষা ও গার্হস্থ্য অর্থনীতি বিষয়ে ২৫ শতাংশ নম্বর বহুনির্বাচনী প্রশ্নের জন্য নির্ধারিত থাকবে।

(গ) প্রতিটি বহুনির্বাচনী প্রশ্নের জন্য ১ মিনিট সময় বরাদ্দ থাকবে। এই হিসাবে বহুনির্বাচনী প্রশ্নপত্রের সময় বাদ দিয়ে অবশিষ্ট সময় কাঠামোবদ্ধ প্রশ্নের জন্য বরাদ্দ থাকবে।

(ঘ) যে সকল বিষয়ে কাঠামোবদ্ধ প্রশ্নের জন্য ৬০ শতাংশ নম্বর নির্ধারিত সে সকল বিষয়ের পরীক্ষায় ৯টি প্রশ্ন থাকবে এবং সেখান থেকে ৬টি প্রশ্নর উত্তর দিতে হবে। যে সকল বিষয়ে কাঠামোবদ্ধ প্রশ্নের জন্য ৪০ শতাংশ নম্বর নির্ধারিত সে সকল বিষয়ের পরীক্ষায় ৬টি প্রশ্ন থাকবে এবং সেখান থেকে ৪টি প্রশ্নের উত্তর দিতে হবে।

(ঙ) প্রশ্ন প্রণেতাগণ বিদ্যমান শিক্ষাক্রমের উদ্দেশ্যের সঙ্গে সঙ্গতি রেখে সংশ্লিষ্ট বিষয়ের সকল বিষয়বস্তু (Content Coverage) বিবেচনায় এনে চিন্তন দক্ষতার বিভিন্ন স্তর অনুযায়ী বহুনির্বাচনী প্রশ্নপত্র তৈরি করবেন। এজন্য বোর্ড কর্তৃক নির্ধারিত নির্দেশক ছক (Specification Grid) অনুসরণ করতে হবে।

(চ) উত্তরপত্র মূল্যায়ন সঠিক ও নির্ভরযোগ্য করবার জন্য প্রশ্নপ্রণেতাগণ প্রশ্নপত্রের সঙ্গে নমুনা উত্তর (Model Answer) ও নম্বর প্রদান নির্দেশিকা (Marking Scheme) বোর্ড কর্তৃপক্ষকে সরবরাহ করবেন।

